দৈনিক ইত্তেফাক
JAN. 1 4 1999
তারিখ ... JAN. 14 1999
পৃষ্ঠা ২ কলাম ৪

## শেখ হাসিনা ২৭শে জানুয়ারী কলিকাতা বই মেলা উদ্বোধন করিবেন

বাসস ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী কয়েক মাসে কয়েকটি দেশ সফর করিবেন। গতকাল বুধবার পররাষ্ট্র সচিব (২য় পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## বই মেলা

(প্রথম পৃষ্ঠার পর)

মুস্তাফিজুর রহমান তাঁহার কার্যালয়ে সাংবাদিকদের বলেন, প্রধানমন্ত্রী প্রথমতঃ আগামী ২৭শে জানুয়ারী ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী এবং মেলা কর্তৃপক্ষের আমন্ত্রণে কলিকাতা বই মেলা উদ্বোধনের জন্য পশ্চিম বঙ্গের রাজধানী কলিকাতায় গমন করিবেন। ভারতের পূর্বাঞ্চলীয় রাজ্য পশ্চিম বঙ্গের খ্যাতিসম্পন্ন বই মেলায় এবার বাংলাদেশ হইতেছে থীম কান্ট্রি। প্রধানমন্ত্রী ফেব্রুয়ারী মাসের গোড়ার দিকে প্রেসিডেন্ট নেলসন ম্যান্ডেলার আমন্ত্রণে দক্ষিণ আফ্রিকা সফরে যাইবেন। তাহার ৪ দিনের দক্ষিণ আফ্রিকা সফর শুরু হইবে ৮ই ফেব্রুয়ারী। শেখ হাসিনা এপ্রিল মাসে ইটালী ও স্পেন সফর করিবেন। দুই দেশের প্রধানমন্ত্রী তাহাকে দুই দেশ সফরের আমন্ত্রণ জানাইয়াছেন। গত বৎসর প্রলয়ংকরী বন্যার কারণে স্থগিত মালয়েশিয়া ও ব্রুনেই সফর সম্পর্কে পররাষ্ট্র সচিব বলেন, আমরা এক্ষণে এ বিষয়ে কাজ করিতেছি। সফরের তারিখ এখনও চূড়ান্ত হয় নাই।

এক প্রশ্নের জবাবে পররাষ্ট্র সচিব বলেন যে, প্রধানমন্ত্রীর কলিকাতা সফর হইবে সরকারী সফর। পশ্চিম বঙ্গে অবস্থানকালে বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয় আগামী ২৮শে জানুয়ারী শান্তিনিকেতনে দক্ষিণ এশিয়া অঞ্চলে শান্তির ক্ষেত্রে অবদানের জন্য প্রধানমন্ত্রীকে দেশিকোত্তম (ডিলিট-এর সমমান)-এ ভূষিত করিবে। ঐদিনই কলিকাতার মেয়র তাহাকে নাগরিক সম্বর্ধনা প্রদান করিবেন। প্রধানমন্ত্রী ২৯শে জানুয়ারী স্বদেশ প্রত্যাবর্তন করিবেন। পশ্চিমবঙ্গের গভর্নর ২৭শে জানুয়ারী প্রধানমন্ত্রীকে সম্বর্ধনা জ্ঞাপন করিবেন। কলিকাতা সফরে প্রধানমন্ত্রীর সঙ্গে অন্যান্যের মধ্যে থাকিবেন পররাষ্ট্র মন্ত্রী আব্দুস সামাদ আজাদ এবং পররাষ্ট্র সচিব মুস্তাফিজুর রহমান। বন্যার পর কলিকাতা সফরই হইবে প্রধানমন্ত্রীর প্রথম বিদেশ সফর। বন্যার কারণে প্রধানমন্ত্রীর অনেক নির্ধারিত সফর স্থগিত রাখা হয়।

অপর এক প্রশ্নের জবাবে পররাষ্ট্র সচিব বলেন, বাংলাদেশ-ঢাকা-কলিকাতা বাস সার্ভিসের খসড়া চুক্তি সম্পর্কে ভারতের জবাবের অপেক্ষায় আছে। প্রায় দুই মাস আগে এই খসড়া নয়া দিল্লীতে পাঠান হয়। গত মঙ্গলবার পররাষ্ট্র বিষয়ক সংসদীয় ষ্ট্যান্ডিং কমিটির বৈঠকে দুই শহরের মধ্যে সরাসরি বাস সার্ভিস এবং প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।